

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মৌলভীবাজার।

স্মারক নং-জেশিআ/মৌল/২০২৩/১৫০১


তারিখ: ২৫/০৯/২০২৩খ্রি.

বিষয়ঃ জেলা/উপজেলা পর্যায়ের মাস্টার ট্রেইনার কর্তৃক মাধ্যমিক পর্যায়ে পাঠদানরত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রসঙ্গে।
সূত্র মাউশি, ঢাকা কর্তৃক প্রেরিত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নতুন কারিকুলাম বাস্তবায়ন বিষয়ে মাঠ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রকৃত চিত্র জানার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি পরিদর্শন ফরম এবং পরিদর্শন প্রতিবেদন দাখিল সংক্রান্ত একটি গুগল লিংক সরবরাহ করা হয়েছে। আপনার উপজেলাধীন জেলা/উপজেলা পর্যায়ের সকল মাস্টার ট্রেইনারগণকে উক্ত পরিদর্শন ফরম ও লিংক সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো। জেলা/উপজেলা পর্যায়ের মাস্টার ট্রেইনারগণ স্ব-স্ব আওতাভূক্ত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনপূর্বক সরবরাহকৃত ফরম অনুযায়ী প্রতিবেদন তৈরিপূর্বক গুগল লিংকে প্রতিবেদন দাখিল করবেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ স্ব-স্ব উপজেলার মাস্টার ট্রেইনারগণকে তাঁর উপজেলার প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান বন্টন করে দিবেন এবং মাস্টার ট্রেইনারগণ তাঁর জন্য নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে আগামী ১০/১০/২০২৩খ্রি। তারিখের মধ্যে আবশ্যিকভাবে নির্ধারিত ফরম অনুযায়ী গুগল লিংকে তাঁদের প্রতিবেদন আপলোড করবেন। প্রত্যেক মাস্টার ট্রেইনারকে ফরমের নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করতে হবে। জেলা/উপজেলা পর্যায়ের সকল মাস্টার ট্রেইনারকে এ কার্যক্রমের আওতায় অন্তর্ভুক্ত করতে হবে।

সংযুক্তি:

- ১। পরিদর্শন ফরম-০১প্রস্তুতি।
- ২। প্রতিবেদন দাখিলের গুগল লিংক
https://docs.google.com/forms/d/e/1FAIpQLSfyuxdr4DkNRQeZfninsl7BoV_GJKMJZ4wSUtJOhWXpNUOW0w/viewform?
- ৩। উপজেলাভিত্তিক মাস্টার ট্রেইনারগণের তালিকা-০১প্রস্তুতি।


২৫/০৯/২০২৩
(মোহাম্মদ ফজলুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
মৌলভীবাজার।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
মৌলভীবাজার।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যালয়ে-

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট সকল), মৌলভীবাজার (তাঁর প্রতিষ্ঠানের মাস্টার ট্রেইনারগণকে পরিদর্শনের নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)
- ৫। মাস্টার ট্রেইনার (সকল), মৌলভীবাজার (উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত গুগল লিংকে প্রতিবেদন আপলোড করার অনুরোধসহ)
- ৬। সংরক্ষণ নথি।